

নকল-প্রশ্ন ফাঁস আর ফিরে আসবে না : শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক



সংগৃহীত ছবি

নতুন শিক্ষামন্ত্রী আনন্দ ম এহচানুল হক মিলন বলেছেন, ‘নকল-প্রশ্ন ফাঁস আর ফিরে আসবে না। অতীতে দায়িত্ব পালনকালে নকল ও প্রশ্নপত্র ফাঁস বক্ষে কার্য্যকর পদক্ষেপ নেওয়া হয়েছিল; নকল আর প্রশ্ন ফাঁস আর ফিরে আসবে না বলে আমার বিশ্বাস।’

বুধবার (১৮ ফেব্রুয়ারি) সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন।

আনন্দ ম এহচানুল হক মিলন বলেন, ‘শিক্ষাব্যবস্থাকে যুগোপযোগী ও বিশ্বমানের করতে সমন্বিত সংস্কার উদ্যোগ নেওয়া হবে।

কারিকুলাম পর্যালোচনা করা হবে, ডিজিটাল লিটারেসি ও ইংরেজি দক্ষতায় গুরুত্ব দেওয়া হবে এবং চতুর্থ শিল্প বিপ্লবের চাহিদা অনুযায়ী ন্যানো টেকনোলজি, কৃত্রিম বুদ্ধিমত্তা ও রোবটিকস শিক্ষায় অন্তর্ভুক্তির উদ্যোগ নেওয়া হবে।' তিনি বলেন, 'আমাদের প্রধান চ্যালেঞ্জ লেখাপড়া শেষে কর্মসংস্থান, তার আলোকে শিক্ষা ব্যবস্থাপনা সাজানো হবে।'

পড়ুন



মূল্য তালিকা-ওজন ঠিক না থাকায় ৮
প্রতিষ্ঠানকে জরিমানা

শিক্ষার্থীদের উদ্দেশে বার্তায় শিক্ষামন্ত্রী বলেন, 'ব্যাকডেটেড' শিক্ষাব্যবস্থা নিয়ে এগোনো যাবে না। বিশ্ব এখন গ্লোবাল ভিলেজ-আন্তর্জাতিক মানের সঙ্গে সামঞ্জস্য রেখে শিক্ষাব্যবস্থা গড়ে তুলতে হবে।

এ জন্য ডিজিটাল প্ল্যাটফর্মে রূপান্তর, প্রযুক্তিনির্ভর দক্ষতা ও আধুনিক জ্ঞানভিত্তিক কারিকুলাম প্রণয়নে কাজ করা হবে।

শিক্ষা মন্ত্রণালয়ে অনিয়ম ও দুর্নীতির অভিযোগ সম্পর্কে জানতে চাইলে মন্ত্রী বলেন, 'অতীতে

কে কী করেছে, তার জবাবদিহি আমরা দেব না।
তবে আমাদের বিগত সরকারের সময়ে দুর্নীতি
হয়নি এবং এবারও হবে না। এমপিওভুক্তি ও
শিক্ষা প্রতিষ্ঠানভুক্তির ক্ষেত্রে অনিয়মের
অভিযোগের বিষয়ে প্রয়োজনীয় খোঁজখবর
নিয়ে পরবর্তী সময়ে জানানো হবে।

,

বেসরকারি শিক্ষকদের কম বেতন ও সুযোগ-
সুবিধা বাড়ানোর বিষয়ে প্রশ্ন করা হলে তিনি
বলেন, ‘বিষয়টি সরকার অবগত আছে। সময়
হলে সিদ্ধান্ত জানানো হবে।’